# জবাবদিহিতার অভাবে দেড় দশকে দেশের রাজনৈতিক কাঠামো ধ্বংস হয়েছে: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম: সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গত দেড় দশকে জবাবদিহিতার অভাবে দেশের রাজনৈতিক কাঠামো ও গণতন্ত্র ধ্বংসের মুখে পড়েছে। তিনি গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা এবং রাষ্ট্র ব্যবস্থার গুণগত পরিবর্তনের ওপর গুরুত্বারোপ করেন।

গণতন্ত্রের স্বাভাবিক বিকাশ এবং সব স্তরে জবাবদিহিতা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (২৬ জুলাই) রাজধানীর সিরডাপ মিলনায়তনে জিয়া পরিষদের এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, “গত ১৫ বছরে গণতন্ত্রকে পরিকল্পিতভাবে ধ্বংস করা হয়েছে। জবাবদিহিতার অভাবে রাষ্ট্রীয় লুটপাট সীমা ছাড়িয়েছে।”

ফখরুল আরও বলেন, “গণতান্ত্রিক পদ্ধতির প্রতি বিশ্বাসী বলেই বিএনপি একটি গ্রহণযোগ্য নির্বাচন চায়। বিলম্ব না করে দেশের রাজনৈতিক প্রক্রিয়াকে গণতান্ত্রিক পথে ফিরিয়ে আনতে হবে।”

LENS ASIA

বর্তমান রাষ্ট্র কাঠামো ও অর্থনীতির মৌলিক সংস্কার প্রয়োজন বলে মন্তব্য করে তিনি বলেন, “এটা একদিনে সম্ভব নয়, সময় এবং ঐক্যবদ্ধ প্রয়াস প্রয়োজন।”

সম্প্রতি যুক্তরাষ্ট্রের নতুন শুল্কনীতিকে দেশের জন্য বড় ধরনের হুমকি বলে উল্লেখ করেন বিএনপি মহাসচিব। তার মতে, “ট্রাম্প প্রশাসনের ট্যারিফ ব্যবস্থা আমাদের অর্থনীতিকে বড় বিপদে ফেলতে পারে। এ বিষয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলাপ-আলোচনা ও কৌশল নির্ধারণ এখন সময়ের দাবি।”